

১. নীচের শব্দগুলির অর্থ লেখো :

সাবেক, অনুচর, স্পর্ধা, প্রবীণ, কারিগর, গুণী, ঘরকরনা, ইঁদারা, প্রহর, আগলায়।

২. নীচের শব্দগুলি দিয়ে এক একটি বাক্য রচনা করো :

কায়দা, প্রবীণ, বোঝাই, অষ্টপ্রহর, অপেক্ষা, কারিগর, সাধ্য, কথা-কাটাকাটি।

৩. নীচের শব্দগুলির বিপরীত অর্থের শব্দ লেখো :

ভালো, মান, নবীন, বুড়ো, খুশি, বোঝাই, সাহস, নতুন, সাবেক, পছন্দ।

সঠিক বাক্যের পাশে '✓' দাগ এবং ভুল বাক্যের পাশে 'x' দাগ দাও :

(ক) পুতুলের মেলায় এক সময় সেরা কারিগর ছিল বুড়ো।

(খ) কিশোরলাল কোনো পুতুল পুরো বানাত না।

(গ) বুড়োর জামাই পুতুল তৈরি করত।

(ঘ) বুড়োর মেয়ে বুড়োকে পুতুল তৈরিতে উৎসাহ দিত।

(ঙ) উৎসাহ পেলে মানুষের হতাশা দূর হয়।

(চ) পুরনো আর নতুনের মধ্যে সংঘর্ষ চিরকালের।

